

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা  
[মুসক-বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ]



ইউ.ও নোট

বিষয়: মুসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে আবেদনপত্র আহবানের লক্ষ্যে 'গণবিজ্ঞপ্তি (সংশোধিত)' দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ মোতাবেক মুসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করে ০১ (এক)টি 'গণবিজ্ঞপ্তি (সংশোধিত)' প্রণত করা হয়েছে। উক্ত 'গণবিজ্ঞপ্তি (সংশোধিত)' বহল প্রচারিত ০২ (দুই)টি দৈনিক পত্রিকায় [০১ (এক)টি বাংলা ও ০১ (এক)টি ইংরেজি] দ্রুত প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: 'গণবিজ্ঞপ্তি (সংশোধিত)'-০১ (এক) পাতা।

প্রাপক:  
জনসংযোগ কর্মকর্তা  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

  
০২/০৭/২৮  
প্রণয় চাকমা  
দ্বিতীয় সচিব  
(মুসক করদাতা সেবা)

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ০১। সদস্য (মুসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
- ০২। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ✓ ০৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা [‘গণবিজ্ঞপ্তি (সংশোধিত)’টি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]।
- ০৪। প্রথম সচিব (মুসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৭৬.০৩.০০১.১২ (অংশ-২)/ ৩৭৬(৩)

তারিখ: ০১/১২/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
(মুসক বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ)  
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।

## ‘গণবিজ্ঞপ্তি (সংশোধিত)’

### মুসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী ব্যক্তির নিকট হতে আবেদনপত্র আহ্বান

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৩০ এর উপ-ধারা (১) অনুযায়ী কোনো কার্যধারায় কোনো করদাতার পক্ষে প্রতিনিধিত্ব করা বা তাকে পরামর্শ প্রদানের জন্য চার্টার্ড একাউন্টেন্ট বা কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারি বা লাইসেন্সধারী মুসক পরামর্শকগণের মধ্য হতে যে কোনো ব্যক্তিকে নিয়োগের বিধান রয়েছে। মুসক পরামর্শক হিসাবে কার্যক্রম পরিচালনা করতে আগ্রহী ব্যক্তিকে প্রয়োজনীয় দলিলাদি ও সনদসহ ফরম "মুসক-১৮.১" এ ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১০৯, ১১০ ও ১১১ এবং মুসক পরামর্শক লাইসেন্সিং বিধিমালা, ২০১৯ এ নির্ধারিত পদ্ধতি ও শর্ত মেনে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ নির্ধারিত আবেদনপত্র (মুসক-১৮.১) ও সকল দলিলাদি মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এর নিকট ডাকযোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(২) মুসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে, যথাঃ-

- ক) জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে;
- খ) আবেদনের তারিখে বয়স অন্ত্যন ২৫ (পঁচিশ) বৎসর হতে হবে; এবং
- গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে।

(৩) নিম্নবর্ণিত যে কোনো ব্যক্তি মুসক পরামর্শক লাইসেন্স পাওয়ার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন, যথাঃ-

- ক) সরকারি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরিরত ব্যক্তি;
- খ) চাকুরি হতে অপসারিত বা বরখাস্তকৃত কোনো ব্যক্তি;
- গ) কোন ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত ব্যক্তি যার সাজা ভোগের পর ৫ (পাঁচ) বৎসর অতিবাহিত হয় নি; এবং
- ঘ) মুসক পরামর্শক, মুসক এজেন্ট, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং, ফ্রেইট ফরোয়ার্ডার্স যা আয়কর পরামর্শকের (Income Tax Practitioner) লাইসেন্স বাতিল করা হয়েছে এমন কোনো ব্যক্তি।

(৪) মুসক পরামর্শক লাইসেন্সের জন্য আবেদনপত্রের সাথে আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবেঃ-

- ক) বয়স নির্ধারণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষার সত্যায়িত সনদ;
- খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি;
- গ) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি;
- ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং
- ঙ) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এর অনুকূলে আবেদন ফি হিসেবে ৫(পাঁচ) হাজার টাকা মূল্যমানের পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট।

(৫) নির্ধারিত পদ্ধতি ও শর্তে, কাস্টমস ও মুসক বিভাগে জাতীয় বেতন স্কেলের নবম গ্রেডের নিম্নে নন এমন পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছর কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা বা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারি বা কন্স্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্টেন্টগণকে তাদের পঠিত সিলেবাসে মূল্য সংযোজন কর বিষয়ক কোর্স অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত আবেদনপত্রের সঠিকতা প্রাপ্তিতে লাইসেন্স প্রদান করা যেতে পারে।

(৬) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদের তালিকা ও পরীক্ষার সময়সূচি একাডেমির ওয়েবসাইটে প্রকাশ করবেন এবং সুবিধাজনক সময়ে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করবেন।

(৭) নির্ধারিত শর্ত পূরণ করা হয়নি, এমন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

জাতীয় রাজস্ব বোর্ড